

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
০৭, নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'মুজিববর্ষ আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২১' উপলক্ষে সরকারি ব্রজলাল কলেজের নিয়মিত শিক্ষার্থীদের মধ্য থেকে নিম্নলিখিত বিষয়ে আগামী ১৪ নভেম্বর, ২০২১ রবিবার বেলা ১০ টায় প্রতিযোগী বাছাই করা হবে।

প্রতিযোগিতার বিষয়- রবীন্দ্রসঙ্গীত, নজরুলসঙ্গীত, দেশাত্মবোধক গান, লোকগীতি, বাংলা কবিতা আবৃত্তি, একক বা দ্বৈত অভিনয়, নৃত্য (একক), ছোট গল্প লেখা ও নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতা। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২ (দুই) টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

আগ্রহী নিয়মিত শিক্ষার্থীগণকে ১১ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখের মধ্যে কেন্দ্রীয় লাইব্রেরিতে ক্লাস রোল, রেজিস্ট্রেশন নম্বর, বিভাগ, বর্ষ উল্লেখপূর্বক নাম জমা দিতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত শিক্ষার্থী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী পাস, অনার্স বা মাস্টার্স/ অন্যান্য কোর্সে ভর্তি হলেও কোন শিক্ষার্থী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থী অধ্যক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাইভেট রেজিস্ট্রেশনধারী অনিয়মিত কোন শিক্ষার্থী সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

আগামী ১৪ নভেম্বর, ২০২১ বেলা ১০ টায় একাডেমিক ভবন-২ এ প্রতিযোগীদের উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া হল।

Smeeen
০৭/১১/২০২১

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা